

রাবির সব একাডেমিক ভবনে ছাত্রদলের তালা

রাবি প্রতিনিধি

৩১ অক্টোবর ২০২৩, ১১:১২ এএম



রাবির সব একাডেমিক ভবনে ছাত্রদলের তালা। সংগৃহীত ছবি

বিএনপি ঘোষিত তিন দিনের সর্বাত্মক অবরোধ কর্মসূচি বাস্তবায়নে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) প্রতিটি একাডেমিক ভবনে তালা দিয়েছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের নেতাকর্মীরা। এ সময় তালার সঙ্গে 'অবরোধ' লেখা সন্ধানিত একটি করে প্ল্যাকার্ড ঝুলিয়ে দেন তারা।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ৬টায় বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের আহ্নায়ক সুলতান আহমেদ রাহী ও সদস্যসচিব শামসুন্দিন সানিনের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের সব একাডেমিক ভবনে তালা ঝুলিয়ে দেওয়া হয়। এ সময় রাবি শাখা ছাত্রদলের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এ বিষয়ে শাখা ছাত্রদলের আহ্নায়ক সুলতান আহমেদ রাহী বলেন, 'বিএনপির সমাবেশে হামলা, হত্যা, গ্রেপ্তারের প্রতিবাদ, তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন এবং সরকার পতনের এক দফা দাবি আদায়ে তিন দিনের অবরোধ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে আমরা প্রতিটি একাডেমিক ভবনে তালা দিয়ে ক্যাম্পাসে অবস্থান নিয়েছি। অবরোধের সমর্থনে আজ ক্যাম্পাসে বিশ্বেত্তর করারও পরিকল্পনা রয়েছে আমাদের।'

জানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক আসাবুল হক বলেন, 'সব না, বিশ্ববিদ্যালয়ের দুটি ভবনে তালা দিয়েছিল কেউ। সকাল আটটার আগেই আমরা তালাগুলো খুলে ফেলেছি।'